শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ
ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (Office),
ISO 9001:2015 Certified ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫,ই-মেইল ঃ jhenaidah pbs@yahoo.com

স্মারক নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২২. ১৮-১৪ তারিখঃ ২৭ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
১০ এপ্রিল, ২০২২ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্তে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বয়স সীমা | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ২৮/০৪/২০২২খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/-এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০১টি | ক) এসএসসি ও এইচ এসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.৫০ (জিপিএ ৫.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>খ) ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার-এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। নথিকরণ, যোগাযোগ ও তথ্য সংরক্ষণ সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে।<br>ঙ) সুন্দর ও মনোরমভাবে কাজ করার ক্ষমতা/সামর্থ থাকতে হবে।<br>চ) যথাযথভাবে ফাইলিং, উপস্থাপন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। | বাগেরহাট, বান্দরবন, চুয়াডাঙ্গা, ফরিদপুর, গোপালগঞ্জ, যশোর, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, নড়াইল, নাটোর, পঞ্চগড়, রাজবাড়ী, সাতক্ষীরা। |
| ০২ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | ২৮/০৪/২০২২খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/-এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০২টি | ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ৩.০০ (জিপিএ ৫.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>খ) কম্পিউটারে বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে জামানত হিসাবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে।<br>ঙ)প্রার্থীর নূন্যতম গ্রহণযোগ্য পারিবারিক স্বচ্ছলতা ও উত্তম পারিবারিক ঐতিহ্য থাকতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা ও ঐতিহ্য সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>চ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। | |

(অঃ পৃঃ দ্রঃ)

F:\GS\100.3 Convert.doc/.

| ক্রঃ নং | পদের নাম | বয়স সীমা | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | ড্রাইভার (পুরুষ) | ২৮/০৪/২০২২খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৪৫ বছর | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/-এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০১টি | ক) সাবলীলভাবে বাংলা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। এছাড়াও বিভিন্ন নির্দেশিকা, নির্দেশনা ও চিহ্ন পড়তে বুঝতে সক্ষম হতে হবে। এছাড়াও বিভিন্ন রিপোর্ট ও সিডিউল পুরণে সক্ষম হতে হবে। গাড়ীর সকল নির্দেশনাবলী ইংরেজীতে থাকায় ইংরেজী অক্ষর ও নাম্বারিং পড়তে সক্ষম হতে হবে।<br>খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত গাড়ী চালানোর নূন্যতম হালকা যান চালানোর ড্রাইভিং লাইসেন্স (স্মার্ট কার্ড) থাকতে হবে।<br>গ) যে কোন সরকারী/আধা-সরকারী /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা সনদ (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর) জমা প্রদান করতে হবে।<br>ঘ) বিগত ০৩ বছরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সহ ভাল ড্রাইভিং-এর বাস্তব অভিজ্ঞতা সনদ জমা প্রদান করতে হবে।<br>ঙ) কর্তৃপক্ষ কর্তৃক ব্যবহারিক এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (লিখিত পরীক্ষা হবে ছোট ধরণের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন-আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে)<br>চ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | বাগেরহাট, বান্দরবন, চুয়াডাঙ্গা, ফরিদপুর, গোপালগঞ্জ, যশোর, ঝিনাইদহ, খুলনা,কুষ্টিয়া, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, নড়াইল, নাটোর, পঞ্চগড়, রাজবাড়ী, সাতক্ষীরা। |
| ০৪ | অফিস সহায়ক (পুরুষ) | ২৮/০৪/২০২২খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/-এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০১টি | ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পাশ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্থ কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শি হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। | |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে **ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (http://pbs.jhenaidah.gov.bd/)** হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) A-4 সাইজের কাগজে প্রবেশ পত্র সহ ০৪ পৃষ্ঠা ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৮/০৪/২০২২খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, **ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর,রাউতাইল, ঝিনাইদহ**-এ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। একাধিক পদে আবেদন করতে আগ্রহী প্রর্থীকে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ভাবে আবেদনপত্র প্রেরণ করতে হবে।নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

(অঃ পৃঃ দ্রঃ)

**প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ**

০২। ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

গ) কম্পিউটার প্রশিক্ষণে উত্তীর্ণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, (ডাটা এন্ট্রি অপারেটর পদের জন্য)।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন-এর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

ঙ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। (০১ কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) **জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির** অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

জ) বৈধ এবং লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি (ড্রাইভার পদের জন্য)।

০৩। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে), বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর আওতায় নির্ধারিতবেতন কাঠামোতে চাকুরী নিয়মিত করা হবে। অন-প্রবেশন কাল সর্বোচ্চ ০৬(ছয়) মাস বর্ধিত হতে পারে যা ০২(দুই) বারের বেশি হবে না। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিকেল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত চক্ষুবিশেষজ্ঞের নিকট হতে স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে সাথে সাথে চাকুরীচ্যুত করা হবে।

০৪। কোটা সংক্রান্ত সরকারি নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সেক্ষেত্রে যথাযথ সনদ (সরকারি নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/ সিটি কর্পোরেশন মেয়র/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। অন্য কোন সংস্থা থেকে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। খামের উপর প্রার্থীর নিজ নাম ও পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে লিখতে হবে এবং মুক্তিযোদ্ধা সনদের (গেজেটের) সত্যায়িত কপি আবেদনে সংযুক্ত করতে হবে।

০৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। অত্র পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১০। প্রাপ্ত আবেদন সমূহ প্রাথমিকভাকে যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক(প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষা গ্রহণের জন্য যথাসময়ে ডাকযোগে অবহিত করা হবে।

১১। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলার কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১২। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং **ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির** সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস বা সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এছাড়া অত্র সমিতির ভৌগলিক এলাকার ঝিনাইদহ জেলার সদর, মহেশপুর, শৈলকুপা, কালীগঞ্জ, হরিণাকুন্ডু ও কোটচাঁদপুর উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতাসহ দাখিলকৃত অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৫। অসম্পূর্ণ/আংশিক এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

ইসহাক ১০/৪/২২

( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ), বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি পরিদপ্তর), বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৫। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................১/২/৩/৪।
০৭। ডিজিএম, মহেশপুর/শৈলকুপা/কালীগঞ্জ/হরিণাকুন্ডু জোনাল অফিস/সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
০৮। এজিএম, (ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/এম,এস/আইটি), ঝিনাইদহ পবিস।
০৯। এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
১০। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ঝিনাইদহ পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১১। নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
১২। অফিস কপি।

ইসহাক ১০/৪/২২

( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার

F:\GS\100.3 Convert.doc\

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ডাটা এন্ট্রি অপারেটর/ সহকারী ক্যাশিয়ার/ড্রাইভার/অফিস সহায়ক পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর আবেদন ফরম (সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্ব-হস্তে পূরণ করতে হবে)।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ

.................................................. ..................................................
১. আবেদনকৃত পদের নাম    ২. পদের ধরণ (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

.................................................. ..................................................
৩. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম    ৪ পত্রিকায় প্রকাশনার তারিখ

.................................................. .................................................. ..................................................
৫. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)    (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)    ৬. জন্ম তারিখ(জাতীয় পরিচয় পত্র/নিবন্ধন অনুযায়ী)

.................................................. .................................................. (দিন/মাস/বছর)
৭. মাতার নাম    ৮. বয়স (২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখে)

.................................................. ..................................................
০৯. পিতার নাম    ১০. ধর্ম

.................................................. ..................................................
১১. জাতীয়তা    ১২. নিজ জেলা

..................................................
১৩. টেলিফোন/ মোবাইল নম্বর    ১৪. বৈবাহিক অবস্থা (টিক(√)দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৫. মুক্তিযোদ্ধা কোটায় সম্পৃক্ত থাকলে নীচের বক্সের সংশ্লিষ্ট স্থানে টিক চিহ্ন (√) দিন ঃ

☐ *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা*    ☐ *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা*

১৬. স্থায়ী ঠিকানাঃ

.................................................. .................................................. .................................................. ..................................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী    খ. ডাকঘর    গ. উপজেলা/থানা    ঘ. জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.................................................. .................................................. .................................................. ..................................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী    খ. ডাকঘর    গ. উপজেলা/থানা    ঘ. জেলা

.................................................. .................................................. ..................................................
১৮. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং    ১৯. ব্যাংক ড্রাফট এর মূল্য    ২০. ইস্যুর তারিখ

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২২. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৫. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে) | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

--------------------------------      --------------------------------------

তারিখ      আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত(এমসিকিউ)/লিখিত(রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ ..........................................................................

পরীক্ষার সময় ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক..........................................................

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১) পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২) নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩) উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪) পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫) চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬) পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭) পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮) উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পবিস এর কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিনাইদহ